পটুয়াখালীতে নির্মাণাধীন ভবনের সেপটিক ট্যাংকে পড়ে শ্রমিকের মৃত্যু

written by Chandradip News24 | December 18, 2024

পটুয়াখালী সদর উপজেলার কলাতলা এলাকায় নির্মাণাধীন ভবনের সেপটিক ট্যাংকে পড়ে এক শ্রমিকের মর্মান্তিক মৃত্যু হয়েছে। একই ঘটনায় গুরুতর অসুস্থ হয়েছেন আরও একজন। বুধবার (১৮ ডিসেম্বর) সকালে এই দুর্ঘটনা ঘটে।

জানা যায়, সেপটিক ট্যাংকে কাজ করার সময় অসাবধানতাবশত দুই শ্রমিক নিচে পড়ে যান। এতে ঘটনাস্থলেই মো. সাগর (৩৮) নামে এক শ্রমিকের মৃত্যু হয়। তিনি গাইবান্ধা জেলার বালুরচর উপজেলার বাদিয়াখালী গ্রামের বাসিন্দা এবং মাহাতাব মিয়ার ছেলে। অপর আহত শ্রমিকের পরিচয় এখনও জানা যায়নি। তাকে দ্রুত উদ্ধার করে পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

পটুয়াখালী সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ইমতিয়াজ আহম্মেদ জানান, মৃতদেহটি পটুয়াখালী হাসপাতাল মর্গে রাখা হয়েছে এবং এ ঘটনায় আইনানুগ কার্যক্রম প্রক্রিয়াধীন।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম